

# যুগান্তর

## প্রশ্ন ফাঁসে কওমির বৃহস্পতিবারের পরীক্ষা স্থগিত

প্রকাশ : ২৬ এপ্রিল ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

👤 হাটহাজারী প্রতিনিধি



প্রশ্ন ফাঁস হওয়ায় আল হাইয়াতুল উলইয়া লিল জামিয়াতিল কওমিয়া বাংলাদেশ বোর্ডের বৃহস্পতিবারের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

কওমি বোর্ডের চলমান দাওরায়ে হাদিসের (তাকমিল) আবু দাউদ শরিফ পরীক্ষাটি হওয়ার কথা ছিল গতকাল। এর আগে প্রশ্ন ফাঁসের কারণে গত ১৩ এপ্রিল ফজিলত ২য় বর্ষের মেশকাতের পরীক্ষা বাতিল করা হয়।

হাইয়াতুল উলইয়ার কেন্দ্রীয় সদস্য ও বেফাকুল মাদারিসিল

আরাবিয়া গওহরডাঙ্গার চেয়ারম্যান মুফতি রুহুল আমিন এটি নিশ্চিত করেন। তিনি বলেছেন, প্রশ্নপত্র ফাঁসের কারণে আবু দাউদ শরিফের পরীক্ষা স্থগিত করা হয়েছে।